H/A
ষ্টোর ইনচার্জ
07.04.25


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা- ০২ (সমন্বয়, এপিএ ও আইসিটি)
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭
www.techedu.gov.bd


স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১১.৯৯.০১৭.২৩- ১০২

তারিখ: ২৩ চৈত্র ১৪৩১ / ০৬ এপ্রিল ২০২৫

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ২৫ মার্চ ২০২৫ তারিখের ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০৩৩.১৯-১৫০ সংখ্যক পত্রে উল্লেখ রয়েছে যে, মে দিবস এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস, ২০২৫ আড়ম্বরপূর্ণভাবে উদযাপনের লক্ষ্যে প্রবন্ধ/লিখনী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। উক্ত বিজ্ঞাপন অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষগণকে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে পত্রটির ছায়ালিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

06.04.25


(মোঃ হুমায়ুন কবির)
সহকারী পরিচালক
ফোন: ৮৮-০২-৪১০২৪৫৯২
ই-মেইল: dte.ad2@gmail.com


<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১. পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২. পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর;
৩. অধ্যক্ষ (সকল), ------------- ইঞ্জিনিয়ারিং কলেজ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, পলিটেকনিক ইনস্টিটিউট, সার্ভে ইনস্টিটিউট, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকস, ----------------;
৪. অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া;
৫. উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৬. অধ্যক্ষ (সকল), ----------------- সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ--------------------;
৭. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. উপসচিব (বিকল্প দায়িত্ব), সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭;
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ);
১১. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
১২. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে মহান মে দিবস এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে নির্ধারিত বিষয়ে স্বহস্তে লিখিত রচনা/প্রবন্ধ আহ্বান করা যাচ্ছে।

## প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি:

১। বিশ্ববিদ্যালয় পর্যায় (স্নাতক ও স্নাতকোত্তর)
বিষয়: শ্রম অধিকার: বাংলাদেশ প্রেক্ষাপট।
(শব্দসীমা ২০০০-২৫০০)।

২। কলেজ পর্যায় (উচ্চ মাধ্যমিক)
বিষয়: কর্মক্ষেত্রে নিরাপদ ও শোভন কর্মপরিবেশ: বাস্তবতা ও করণীয়।
(শব্দসীমা ১৫০০-২০০০)।

৩। স্কুল পর্যায় (৬ষ্ঠ-১০ম শ্রেণি)
বিষয়: মহান মে দিবস।
(শব্দসীমা ১০০০-১৫০০)।

## প্রবন্ধ/লিখনী-এর শর্তাবলি নিম্নরূপ:

১। প্রবন্ধ/লিখনী পরিচ্ছন্ন হাতের লেখা এবং এক পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠা নয়) A-4 সাইজের কাগজে লিখতে হবে;
২। প্রবন্ধ/লিখনী-এর সাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে;
৩। প্রবন্ধ/লিখনী ই-মেইলে: ig@dife.gov.bd/sasemployment@mole.gov.bd অথবা মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০, বরাবরে ১০ এপ্রিল, ২০২৫ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি উপস্থিত হয়ে প্রেরণ/দাখিল করতে হবে;
৪। প্রবন্ধ/লিখনী-এর সাথে অংশগ্রহণকারীর ২ কপি পাসপোর্ট সাইজের ছবি প্রদান করতে হবে;
৫। প্রতি ক্যাটাগরিতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী প্রতিযোগী নির্বাচনে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;
৬। প্রবন্ধ/লিখনী-এর ক্ষেত্রে মেধাভিত্তিক চৌর্যবৃত্তি পরিহারযোগ্য। এর ব্যত্যয় ঘটলে প্রবন্ধ/লিখনী বাতিলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হবে। তবে কোন তথ্য/উপাত্ত/উক্তি প্রবন্ধ/লিখনী-তে ব্যবহৃত হলে আবশ্যিকভাবে এর তথ্যসূত্র উল্লেখ করতে হবে;
৭। নির্বাচিত প্রবন্ধ/লিখনী মহান মে দিবস, ২০২৫ এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকায় ছাপানোর অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন;
৮। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত লেখা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

## পর্যায়ভিত্তিক পুরস্কার মূল্য ও সম্মাননা সনদ:

ক) বিশ্ববিদ্যালয় পর্যায়ে (স্নাতক ও স্নাতকোত্তর)
১। প্রথম পুরস্কার নগদ ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার নগদ ২০,০০০/- (বিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার নগদ ১৫,০০০/- (পনেরো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।

খ) কলেজ পর্যায়ে (উচ্চ মাধ্যমিক)
১। প্রথম পুরস্কার নগদ ২০,০০০/- (বিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার নগদ ১৫,০০০/- (পনেরো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার নগদ ১২,০০০/- (বারো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।

গ) স্কুল পর্যায়ে (৬ষ্ঠ-১০ম শ্রেণি)
১। প্রথম পুরস্কার নগদ ১৫,০০০/- (পনেরো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার নগদ ১২,০০০/- (বারো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার নগদ ১০,০০০/- (দশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।

স্বা/-
ওমর মোঃ ইমরুল মহসিন
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
ও
সভাপতি
"প্রতিযোগিতা আয়োজন ও বেস্ট প্র্যাকটিস সংশ্লিষ্ট সম্মাননা প্রদান" কমিটি

**কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর**
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০। ফোন নম্বর: +৮৮-০২- ২২৬৬৬৪২০১,
ফ্যাক্স: +৮৮-০২- ২২৬৬৬৪২০৩, Info: www.dife.gov.bd